রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, মার্চ ৮, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/ ০৮ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০১.২৬.৫৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'বিভিন্ন সময়ে রাজনৈতিক কারণে দায়েরকৃত হয়রানিমূলক মামলাসমূহ প্রত্যাহার কার্যক্রম গ্রহণ সংক্রান্ত কেন্দ্রীয় কমিটি'** নিম্নরূপে গঠন করেছে :

১.১। **কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রী, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | আহ্বায়ক |
| (২) | সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (আইন অনুবিভাগ), স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | আইন-১ অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | প্রতিনিধি, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (যুগ্মসচিব পর্যায়ের নিচে নয়) | সদস্য |
| (৬) | আইন-১ শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য-সচিব। |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.২। **কমিটির কার্যপরিধি :**

কমিটি জেলা কমিটির নিকট থেকে প্রাপ্ত সুপারিশগুলো পরীক্ষা-নিরীক্ষা করবে এবং প্রত্যাহারযোগ্য মামলা চিহ্নিত করে তালিকা প্রস্তুত ও প্রত্যাহারের কার্যক্রম গ্রহণ করবে।

১.৩। স্বরাষ্ট্র মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৪। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৫। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd